

এরশাদ ৪ঠা জুন
চ্যামেলর
পুরস্কার দেবেন
চ্যামেলরের ছাত্রিকরক উপ-
দেষ্টা ও সম্বন্ধকারী, জাতীয় ছাত্র
পরিষদ, রফিকুল হক হাফিজ
প্রদত্ত এক বিজ্ঞপ্তিতে জানানো
হয়েছে যে প্রেসিডেন্ট ও চ্যামে-
লর আগামী ৪ঠা জুন কতী ছাত্র-
(৫-এর পর পর)

পুরস্কার দেবেন
(১-এর পর পর)
ছাত্রীদের চ্যামেলর পুরস্কার
প্রদান করবেন।
দেশের ৪টি শিক্ষা বোর্ড থেকে
১৯৮৫ এবং ৮৬ সালের মাধ্যমিক
এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম
থেকে বিংশতম স্থান অধিকারী-
দের এবং বিশ্ববিদ্যালয়সমূহে
১৯৮৪, ৮৫, ৮৬ সালে অনুষ্ঠিত
বিভিন্ন বিভাগে স্নাতক (সম্মান)
পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম
স্থান অধিকারীদের এই পুরস্কার
দেয়া হবে। যবর তক্ষা বিবরণীর
পুরস্কার প্রার্থী ছাত্রছাত্রীদের
আবেদনপত্র আগামী ২৪শে মে,
৮৭র মধ্যে ছাত্র সম্পর্কীয় কর্ম-
কর্তা, জাতীয় ছাত্র পরিষদ, শিক্ষা
মন্ত্রণালয়, গণভবন, শেরে বাংলা
নগর, ঢাকা ঠিকানায় পঠাতে হবে।
তিন কপি পাসপোর্ট ও এক
কপি স্ট্যাম্প আকারের সজায়িত
ছবি, স্নাতক (সম্মান) পরীক্ষার
সনদপত্রের সজায়িত কপি আবে-
দনপত্রের সাথে সংযুক্ত করতে
হবে।
পুরস্কার গ্রহণ অনুষ্ঠানে
প্রার্থীর পিতা কিংবা মাতা যেকোন
একজনকে উপস্থিত থাকার অনু-
মতি দেয়া হবে। প্রার্থীকে পিতা-
মাতার মধ্যে কে তার সঙ্গী হবেন
তা সনির্দিষ্টভাবে উল্লেখ করতে
হবে।
আবেদনের পর প্রার্থীকে অত্র
দফতরের সাথে সার্বক্ষণিক যোগা
যোগ রাখা করতে হবে।